

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১৪.২০২৪. ২৯২

তারিখ: ২৬ জুন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ


কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব প্রনব কুমার দাস (২৩৫২৩), প্রভাষক (পদার্থবিদ্যা), মুরারিচাঁদ কলেজ, সিলেট শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/০৯/২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০০৮..০৫১.২০১৫/১০১৫ স্মারক মোতাবেক আপনার স্ত্রীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে (যুক্তরাষ্ট্র) মঞ্জুরীকৃত মোট ৬১ (একষট্টি) দিন বহিঃবাংলাদেশ ছুটি (৩০/০৯/২০১৬ হতে ৩০/১১/২০১৬) তারিখে ভোগ শেষে কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি ছুটি ভোগের পর বিগত ০১/১২/২০১৬ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনি একনাগাড়ে দীর্ঘ ০৫ (পাঁচ) বছরের অধিককাল চাকরি থেকে অনুপস্থিত রয়েছেন যা বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী আপনাকে সরকারি চাকরি হতে কেন অবসান (Ceases to be in Government employ) করা হবে না, এ আদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের জন্য অনুরোধ করা হলো।


২৭/৩/২৪
(সোলেমান খান)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব প্রনব কুমার দাস (২৩৫২৩)
প্রভাষক (পদার্থবিদ্যা), মুরারিচাঁদ কলেজ, সিলেট।

স্থায়ী ঠিকানা:

গ্রাম: চাকুয়া, ডাকঘড়: ব্রজেন্দ্রগঞ্জ
উপজেলা: শাল্লা, জেলা: সিলেট।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। অধ্যক্ষ, মুরারিচাঁদ কলেজ, সিলেট।
- ৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।